গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৪৫৫৭/৫৪ তারিখ: ১৫ ডিসেম্বর ২০২২খ্রি.

**বিষয়: ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ।**

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ১৩-১২-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত 'কার্যনির্বাহী পরিষদ' এর সভার সিদ্ধান্ত মোতাবেক **৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা** প্রতিষ্ঠান পর্যায় হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্নে উল্লেখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান, উপজেলা/থানা এর সভাপতি/সম্পাদকের নিকট জরুরি ভিত্তিতে সার্কুলারটি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি: ২০২৩**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) | ০৩-০১-২০২৩ খ্রি.<br>মঙ্গলবার | হতে | ০৭-০১-২০২৩ খ্রি.<br>শনিবার | ০৫দিন |
| উপজেলা/থানা পর্যায়ে | ১০-০১-২০২৩ খ্রি.<br>মঙ্গলবার | হতে | ১৬-০১-২০২৩ খ্রি.<br>সোমবার | ০৭ দিন |
| জেলা পর্যায়ে | ১৮-০১-২০২৩ খ্রি.<br>বুধবার | হতে | ২২-০১-২০২৩ খ্রি.<br>রবিবার | ০৫ দিন |
| উপ-অঞ্চল পর্যায়ে | ২৪-০১-২০২৩ খ্রি.<br>মঙ্গলবার | হতে | ২৭-০১-২০২৩ খ্রিঃ.<br>শুক্রবার | ০৪ দিন |
| অঞ্চল পর্যায়ে | ২৯-০১-২০২৩ খ্রি.<br>রবিবার | হতে | ৩১-০১-২০২৩ খ্রি.<br>মঙ্গলবার | ০৩ দিন |
| জাতীয় পর্যায়ে (যশোর শিক্ষা বোর্ড) | ০২-০২-২০২৩ খ্রি.<br>বৃহস্পতিবার | হতে | ০৭-০২-২০২৩ খ্রি.<br>মঙ্গলবার | ০৬ দিন |

**৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় নিম্নে উল্লেখিত ইভেন্টসমূহ অন্তর্ভুক্ত থাকবে:**

**০১। অ্যাথলেটিকস্ (ছাত্র-ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ ০২। হকি (ছাত্র-ছাত্রী) ০৩। ক্রিকেট (ছাত্র-ছাত্রী) ০৪। বাস্কেটবল (ছাত্র-ছাত্রী) ০৫। ভলিবল (ছাত্র-ছাত্রী) ০৬। ব্যাডমিন্টন একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) ০৭। টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) ০৮। সাইক্লিং (ছাত্র-ছাত্রী) বিদ্রঃ সাইক্লিং ইভেন্টে প্রতি অঞ্চল হতে জাতীয় পর্যায়ে ছাত্র ০২ জন এবং ছাত্রী ০২জন অংশগ্রহণ করবে। (০৪ অঞ্চল হতে ছাত্র (৪X২=৮জন) ছাত্রী (৪X২=৮জন)।**

জাতীয় ক্রীড়া সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৯ মোতাবেক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় বালকদের ০৩টি গ্রুপে এবং বালিকাদের ২টি গ্রুপে খেলা অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় যথাযথভাবে পালন করতে হবে।

**৫১তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় ০১। ভলিবল ০২। বাস্কেটবল ০৩। ক্রিকেট ০৪। হকি ০৫। ব্যাডমিন্টন একক ও দ্বৈত ০৬। টেবিল টেনিস একক ও দ্বৈত খেলাগুলো উপজেলা/থানা হতে অঞ্চল পর্যন্ত **'নক আউট' পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে 'লীগ' পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।**

উপজেলা/থানা হতে বিভিন্ন খেলায় বিজয়ীদের ফটো ও নামের তালিকা পরবর্তী পর্যায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য (জেলা, উপ-অঞ্চল, অঞ্চল ও জাতীয়) সম্পাদকের নিকট যথাযথ কর্তৃপক্ষের নামাঙ্কিত সীলসহ স্বাক্ষর করে সঙ্গে সঙ্গে পাঠাতে হবে। অন্যথায় উক্ত প্রতিযোগীদের পরবর্তী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২২ অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীদের প্রকৃত বয়স নির্ণয়ের জন্য উপজেলা মেডিকেল অফিসার/সিভিল সার্জনের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বয়স পরীক্ষা করতে হবে এবং গঠনতন্ত্রের বিধি বিধান মানতে হবে।

গঠনতন্ত্রে উল্লেখিত **পরিশিষ্ট 'ক' হতে 'ঙ'** পর্যন্ত বিভিন্ন ফরম (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণসহ খেলার যাবতীয় নিয়ম নীতি অনুসরণ করে খেলা পরিচালনা করতে হবে। উপজেলা/থানা পর্যায়ের খেলাগুলো মনিটরিং করার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

1 - মোহাম্মদ রাসেদ মজুমদার

অ: পৃ:

**সকল পর্যায়ের প্রতিযোগীদের প্রয়োজনীয় শীতকালীন পোশাক-পরিচ্ছদ এবং বিছানাপত্র অবশ্যই সাথে আনতে হবে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।**

(নবম, দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ESIF লিস্ট) মূল কপি প্রদর্শন করতে হবে। মূল কাগজপত্র কোনোক্রমেই লেমিনেটিং গ্রহণযোগ্য হবে না। লেমিনেটিংকৃত কাগজপত্র প্রদর্শনে খেলায় অযোগ্য বলে প্রমাণিত হবে। গঠনতন্ত্রের পরিশিষ্ট-ক এর অগ্রভাগে বিদ্যালয়ের EIIN নম্বর উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠানের Password স্ব-স্ব দলের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা সংরক্ষণ করবেন। চাহিবামাত্র যথাযথ কর্তৃপক্ষকে Password প্রদান করতে বাধ্য থাকবেন। জেলা পর্যায়ের বিজয়ীদের ফটোসহ নামের তালিকা অবশ্যই ddphysical@gmail.com ই-মেইলে পাঠাতে হবে। অনিয়মিত কোন ছাত্র-ছাত্রী ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেনা (একই ক্লাসে ০১(এক) বছরের অধিক থাকলে এবং এস.এস.সি পরীক্ষায় ড্রপ আউট অথবা পাশ না করলে সে সকল ছাত্র-ছাত্রী স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেনা)। দলীয় খেলায় কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের আলাদা পরিশিষ্ট ফর্ম পূরণ করতে হবে। কোনোক্রমেই সাধারণ ছাত্র-ছাত্রী ও কারিগরি ছাত্র-ছাত্রীদের নিয়ে মিশ্র দলীয় পরিশিষ্ট তৈরি করা যাবে না।

**বি:দ্র:** ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়ায় অংশগ্রহণের জন্য টিমসমূহকে শারীরিক শিক্ষা বিভাগের www.phyedu.org ডাটাবেজে অন্তর্ভুক্ত হতে হবে। বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শন পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাঙ্কিত সিলসহ) সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে (অটোপাশের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান প্রত্যেক শিক্ষার্থীর জন্য শ্রেণিভিত্তিক প্রত্যয়নপত্র প্রদান করবেন)। অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশগ্রহণ করা যাবে না। দলীয় খেলায় বয়স ১৭ বছরের মধ্যে হতে হবে। ব্যক্তিগত ইভেন্টে অষ্টম শ্রেণিতে কারও বয়স ১৪ বছরের অধিক হলে সে বড় গ্রুপে খেলতে পারবেনা। প্রত্যেক পর্যায়ে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাঠ পর্যায়ে অনলাইনে রেজিস্ট্রেশন/ সনদ যাচাইয়ের ব্যবস্থা করতে হবে। প্রতিষ্ঠান, উপজেলা, জেলা, উপঅঞ্চল এবং অঞ্চল পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার ছবি www.phyedu.org/blog এ প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লিখিত বিষয়গুলো উপজেলা, জেলা, উপ-অঞ্চল ও অঞ্চল পর্যায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তদারকি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/১২/২০২২

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন+ফ্যাক্স: ০২-৪১০৫০৪৪৮।

**জেলা শিক্ষা অফিসার (সকল)**

--------------------------------।

**স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৪৫৭/৮৪(১২৫)** **তারিখ :১৫ ডিসেম্বর ২০২২খ্রি.**

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :**

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
০৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০৫। জেলা প্রশাসক,.........................................।
০৬। উপজেলা চেয়ারম্যান,................................. জেলা,.......................................।
০৭। উপজেলা নির্বাহী অফিসার......................................... জেলা .......................................।
০৮। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০৯। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,.......................................জেলা,.................................., কে সংশ্লিষ্ট উপজেলা/থানার প্রত্যেকটি মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান-কে বাধ্যতামূলক ভাবে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাকে অনুরোধ করা যাচ্ছে।
১১। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

2 - মোহাম্মদ রাসেদ মজুমদার

অপ: পৃ:

১২। জেলা ক্রীড়া অফিসার, (সকল)---------------------------------।

১৩। সিস্টেম অ্যানালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (**মাউশির ওয়েবসাইটে এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Message Communication -এ প্রকাশের অনুরোধসহ**)।

১৪। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, শারীরিক শিক্ষা বিভাগের ওয়েবসাইট **www.phyedu.org** তে প্রকাশের অনুরোধ করা হলো।

১৫। সংরক্ষণ নথি।

(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
এবং সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
**Email: ddphysical@gmail.com**

**** বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলা সংক্রান্ত দাওয়াত কার্ডে জাতীয় ক্রীড়া সমিতির মনোগ্রাম ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।**